



'সমানো মন্ত্র: সমিতি: সমানী'

UNIVERSITY OF NORTH BENGAL
B.Com. Programme 1st Semester Examination, 2023

LCC1-P1-BENGALI
NEW & RE-REVISED SYLLABUS

Time Allotted: 2 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

- | | | |
|----|---|-------------------|
| ১। | নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ | $3 \times 8 = 24$ |
| | (ক) বিজ্ঞাপনের যে-কোনো তিনটি প্রয়োজনীয়তা বুঝিয়ে দাও।
(খ) অভিযোগপত্রের বিভিন্ন অংশগুলি উল্লেখ করো।
(গ) সাক্ষাৎকার গ্রহণের তিনটি কারণ বুঝিয়ে দাও।
(ঘ) যে-কোনো একটি পণ্যের সংবাদপত্রে প্রকাশের উপযোগী বিজ্ঞাপনের খসড়া প্রস্তুত করো।
(ঙ) সারসংক্ষেপ করার সময় যে সব বিষয়ের দিকে আমাদের লক্ষ্য রাখতে হয়, তার মধ্যে তিনটি বিষয়ের উল্লেখ করো।
(চ) কাব্যসৌন্দর্য বিচারে অলংকারের গুরুত্ব উল্লেখ করো। | |
| ২। | নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ | $6 \times 4 = 24$ |
| | (ক) পণ্যের গুণমান বিষয়ে অভিযোগ জানিয়ে ক্রেতাসুরক্ষা দপ্তরে একটি পত্র লেখো।
(খ) অসুস্থতার কারণে দীর্ঘদিন মহাবিদ্যালয়ে উপস্থিত হতে না পারার কারণে অধ্যক্ষের কাছে ছুটির আবেদন জানিয়ে একটি পত্র লেখো।
(গ) ভাবসম্প্রসারণ করোঃ

‘বন্যের বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে।’
(ঘ) তোমার মহাবিদ্যালয়ে অনুষ্ঠিত মনোজ্ঞ রবীন্দ্রজয়স্তুর সাংবাদিক হিসেবে একটি প্রতিবেদনের খসড়া প্রস্তুত করো।
(ঙ) তোমার মহাবিদ্যালয়ে ‘প্রজাতন্ত্র দিবস’ উপলক্ষ্যে একটি ভাষণের খসড়া প্রস্তুত করো।
(চ) নিম্নলিখিত কবিতাটির কাব্যসৌন্দর্য বিচার করোঃ

অবনী বাড়ি আছো
অবনী বাড়ি আছো
দুয়ার এঁটে ঘুমিয়ে আছে পাড়া
কেবল শুনি রাতের কড়নাড়া
‘অবনী বাড়ি আছো ?’

বৃষ্টি পড়ে এখানে বারোমাস
এখানে মেঘ গাভীর মতো চরে
পরাঙ্গুখ সবুজ নালিঘাস
দুয়ার চেপে ধরে—
‘অবনী বাড়ি আছো ?’ | |

আধেকলীন হৃদয়ে দুর্গামী
 ব্যথার মাঝে শুমিয়ে পড়ি আমি
 সহসা শুনি রাতের কড়ানাড়া
 ‘অবনী বাড়ি আছো ?’

৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ

 $12 \times 2 = 24$

(ক) সারসংক্ষেপ লেখোঃ

মানুষের একটা দিক আছে যেখানে বিষয় বুদ্ধি নিয়ে সে আপন সিদ্ধি খোঁজে। সেইখানে আপন ব্যক্তিগত জীবনযাত্রা নির্বাহে তার জ্ঞান, তার কর্ম, তার রচনাশক্তি একান্ত ব্যাপ্ত। সেখানে সে জীবনপে বাঁচতে চায়।

কিন্তু মানুষের আর একটা দিক আছে যা এই ব্যক্তিগত বৈষয়িকতার বাইরে। সেখানে জীবনযাত্রার আদর্শে যাকে বলি ক্ষতি তাই লাভ, যাকে বলি মৃত্যু সেই অমরতা। সেখানে বর্তমান কালের জন্যে বস্ত সংগ্রহ করার চেয়ে অনিশ্চিতকালের উদ্দেশে আত্মত্যাগ করার মূল্য বেশি। সেখানে জ্ঞান উপস্থিত-প্রয়োজনের সীমা পেরিয়ে যায়, কর্মস্বার্থের প্রবর্তনাকে অস্থীকার করে। সেখানে আপন স্বতন্ত্র জীবনের চেয়ে বড়ো জীবন সেই জীবনে মানুষ বাঁচতে চায়।

- (খ) ক্রমাগত মূল্যবৃদ্ধির কারণে সাধারণ জনজীবন বিপর্যস্ত। এ বিষয়ে সংবাদপত্রে প্রকাশোপযোগী একটি প্রতিবেদনের খসড়া প্রস্তুত করো।
- (গ) বার্ধক্যে অর্থনৈতিক সুরক্ষার জন্যে যৌবন থেকেই কী ধরনের সঞ্চয়ী প্রকল্প সম্পন্ন আমাদের সচেতন হওয়া উচিত সে বিষয়ে একজন অর্থনৈতিক বিশেষজ্ঞের সঙ্গে সাক্ষাৎকারের খসড়া প্রস্তুত করো।
- (ঘ) বিশ্ব উষ্ণায়নের পরিপ্রেক্ষিতে ক্রমাগত বাতানুকূল যন্ত্রের চাহিদা বৃদ্ধির কারণে নির্দিষ্ট সংস্থার কাছে আঞ্চলিক বিপণন কেন্দ্র খোলার আবেদন পত্রের খসড়া রচনা করো।

—————X—————